**বাংলাদেশ ট্যুরিজম বোর্ড**
(জাতীয় পর্যটন সংস্থা)
পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
(প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭।
www.tourismboard.gov.bd

স্মারক নং : ৩০.৩৩.০০০০.০০০.১১২.৯৯.০০০৪.২৩.৩৮৭ তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৪ জুন ২০২৫

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহার উপলক্ষে পর্যটন কেন্দ্রগুলোতে সমবেত পর্যটকদের নিরাপত্তার বিষয়ে বিশেষ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বিটিবি'র স্মারক নং- ৩০.৩৩.০০০০.১১২.৯৯.০০৫.১৮.৩৮৬, তারিখ: ০৪ জুন ২০২৫।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদুল আযহা উপলক্ষে বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলোতে পর্যটকের সমাগম বাড়তে পারে। এ সময়ে পর্যটকগণ যাতে নিরাপদে ভ্রমণ করতে এবং বেড়াতে পারেন সে বিষয়ে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কোন পর্যটক বিশেষত নারী ও শিশুরা যাতে নিরাপদে পর্যটন কেন্দ্রে যাতায়াত ও অবস্থান করতে পারে সে বিষয়ে বিশেষভাবে নজর দেয়া আবশ্যক। পর্যটকগণ কোন সমস্যার পড়লে কোন ফোন নম্বরে কার সাথে যোগাযোগ করবে সে বিষয়ে প্রচার চালানো যেতে পারে। এ বিষয়ে ট্যুরিস্ট পুলিশ ও জেলা পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে বিশেষ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা যেতে পারে।

২। আগামী ০৫ জুন ২০২৫ তারিখ হতে ১৪ জুন ২০২৫ তারিখ পর্যন্ত পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সরকারি ছুটিকালীন দেশি বিদেশী পর্যটকদের প্রাসঙ্গিক সকল ধরণের সেবা নিশ্চিত করার লক্ষ্যে পর্যটকদের ভ্রমণ সংক্রান্ত প্রয়োজন/সমস্যা সমাধানে সহযোগিতা প্রদানের জন্য সূত্রস্থ স্মারকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের নামের পাশে বর্ণিত তারিখ ও সময়ে টেলিফোনিক সেবা সংক্রান্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। কোন পর্যটক ভ্রমণকালে বা পর্যটন কেন্দ্রে অবস্থানকালে কোন সমস্যার সম্মুখীন হয়েছেন মর্মে ফোনে অবহিত করলে সে বিষয়ে সমস্যা নিরসনে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।


আবু তাহের মুহাম্মদ জাবের
প্রধান নির্বাহী কর্মকর্তা (গ্রেড-১)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
টেলি: (০২) ৪১০২৪২৩৫
ই-মেইল: btbnto@gmail.com


১। জেলা প্রশাসক (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)